দৈনিক
ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

পরীক্ষা ৭, ৯ ও ১১ জানুয়ারী

# রাজধানীর সব সরকারি স্কুলে ভর্তি ফরম বিক্রি শুরু ১৩ ডিসেম্বর থেকে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

আগামী ১৩ ডিসেম্বর রাজধানীর ২৪টি সরকারী স্কুলে প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তি ফরম বিক্রি শুরু হচ্ছে। স্কুলগুলোতে 'এ' 'বি' এবং 'সি' এ তিনটি (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা ৭, ৯ ও ১১ জানুয়ারী

(১৬শ পৃঃ পর)

গ্রুপে ভাগ করে ভর্তি পরীক্ষা নেয়া হবে। ২৪ ডিসেম্বর পর্যন্ত ফরম বিক্রি এবং জমাদান চলবে। ৭ জানুয়ারী থেকে পরীক্ষা শুরু হবে।

ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ১[illegible] টাকা। 'এ' গ্রুপভুক্ত স্কুলগুলোর পরীক্ষা হবে ৭ জানুয়ারী, ৯ জানুয়ারী 'বি' গ্রুপভুক্ত এবং ১১ জানুয়ারী 'সি' গ্রুপের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

'এ' গ্রুপে রয়েছে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, 'বি' গ্রুপে রয়েছে মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, গভঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়। 'সি' গ্রুপে রয়েছে-ধানমন্ডি গভঃ বয়েজ হাইস্কুল, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলি কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়।